"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ারলেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড,রমনা,ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০২.১৭.০৫২.১৮-৭৬ তারিখ: ১৭.০৫.২০১৮খ্রি.

বিষয়: পটুয়াখালী জেলার সদর উপজেলাধীন লোহালিয়া নাজিরপুর আল হেরা দাখিল মাদরাসার সেপ্টেম্বর/১৭ মাসের বেতন-ভাতা (এমপিও) উত্তোলনের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র: (১) লোহালিয়া নাজিরপুর আল হেরা দাখিল মাদরাসার স্মারক নং- জেশিঅ/পটু/ ৮০৪ তারিখ: ১৩.১১.২০১৭ খ্রি.
(২) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্বারক নং- ৫৭.২৫.০০০০.০০১.১৭.০০২.১৮-০৯ তরিখ: ০২.০৪.২০১৮খ্রি.
(৩) জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী এর স্মারক নং-জেশিঅ/পটু/১২৭৭/৪ তারিখ: ১০.০৪.২০১৮খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রে বর্ণিত (১) নং পত্রে লোহালিয়া নাজিরপুর আল হেরা দাখিল মাদরাসার কমিটি না থাকায় সেপ্টেম্বর ২০১৭ মাসের বেতন ভাতাদি (এমপিও) যথাসময়ে উত্তোলন করতে না পারায় অনুত্তোলিত বেতন ভাতাদি (এমপিও) উত্তোলনের অনুমতির জন্য সূত্রে বর্ণিত (১) নং স্মারকের মাধ্যমে সুপার কর্তৃক আবেদন করা হয়।

০২. সূত্রে বর্ণিত (২) নং পত্রের মাধ্যমে বিকল্প কর্মকর্তার (উপজেলা নির্বাহী কর্মকর্তা /জেলা প্রশাসক) স্বাক্ষরে এমপিও উত্তোলনের সুযোগ থাকার পরও কেন যথাসময়ে প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতা উত্তোলন করা সম্ভব হয়নি তার ব্যাখ্যা প্রদান করতে বলা হয়।

০৩. সূত্রে বর্ণিত (৩) নং পত্রের প্রেক্ষিতে লোহালিয়া নাজিরপুর আল হেরা দাখিল মাদরাসার সুপার এর জবাবে জানা যায় যে, মাদরাসার নিয়মিত ম্যানেজিং কমিটির মেয়াদ ০৩.০৯.২০১৭ খ্রি. তরিখে উত্তীর্ণ হয় এবং পরবর্তীতে ০২.১১.২০১৭ খ্রি. তারিখে এডহক কমিটি অনুমোদন করা হয়। এডহক কমিটির সভাপতি কর্তৃক সেপ্টেম্বর/২০১৭ খ্রি. তরিখে শিক্ষক কর্মচারীদের বেতন বিলে স্বাক্ষরপূর্বক নির্ধারিত তারিখের পরে ব্যাংকে জমা দিলে ব্যাংক কর্তৃপক্ষ উক্ত মাসের বেতন ভাতা প্রদান করেন নাই । উল্লেখ্য যে, নিয়মিত ম্যানেজিং কমিটি না থাকলে উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং জেলা সদরে জেলা প্রশাসক শিক্ষক /কর্মচারীদের বেতন বিলে প্রতিস্বাক্ষর করার বিষয়টি লোহালিয়া নাজিরপুর আল হেরা দাখিল মাদরাসার সুপারের জানা ছিল না এবং ভবিষ্যতে এই ধরনের ভুল হবে না এই মর্মে অঙ্গীকার প্রদান করেছেন ।

০৪. এমতাবস্থায়, লোহালিয়া নাজিরপুর আল হেরা দাখিল মাদরাসার শিক্ষক কর্মচারীদের সেপ্টেম্বর/২০১৭ খ্রি. তারিখের বেতন-ভাতা এমপিও উত্তোলনের অনুমতি প্রদান করা হলো।

17.05.18
(মো: আবদুল মুকীত)
সহকারী পরিচালক (অর্থ)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা
ই-মেইলঃ adfinance.dme@gmail.com

ডেপুটি জেনারেল ম্যানেজার,
রূপালী ব্যাংক লিঃ, প্রধান শাখা।

অনুলিপি:
১। সচিব মহোদয়ের একান্ত সচিব,কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়,পরিবহন পুল ভবন (৯ম তলা)সচিবালয় লিংক রোড ঢাকা।
২। উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বরিশাল অঞ্চল।
৩। জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী।
৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,সদর, পটুয়াখালী।
৫। ম্যানেজার, রূপালী ব্যাংক লিঃ, ডিবুয়াপুর শাখা, পটুয়াখালী।
৬। সভাপতি, লোহালিয়া নাজিরপুর আল হেরা দাখিল মাদরাসা।
৭। সুপার,লোহালিয়া নাজিরপুর আল হেরা দাখিল মাদরাসা , সদর, পটুয়াখালী।
৮। অফিস কপি।